



An Organization  
For Indigenous Culture, Environment & Socio- Economic Advancement.

স্মারক নং: টংগ্যা- ২৭-০৩.১-২৬

তারিখ: ১৫ জানুয়ারী ২০২৬ খ্রি:

খন্ডকালীন কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি  
(Part-Time Staff Recruitment Notice)

টংগ্যা রাঙামাটিস্থ একটি অলাভজনক, অরাজনৈতিক ও বেসরকারি উন্নয়ন সংস্থা, যা ১৯৯৫ খ্রিস্টাব্দ থেকে পার্বত্য চট্টগ্রামের তিন জেলায় সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন, ভাষা ও সাহিত্যচর্চা, কৃষ্টি-সংস্কৃতি, প্রথা ও রীতি, প্রথাগত জ্ঞান-বিজ্ঞান ও চিকিৎসাবিদ্যা সংরক্ষণ ও প্রচার, পার্বত্য অঞ্চলের প্রাকৃতিক পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ ও উন্নয়ন, যুব উন্নয়ন, আদিবাসী নারী ও শিশু অধিকার সংরক্ষণ, শিক্ষা প্রসারসহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিচালনা করে আসছে।

এই ধারাবাহিকতায় মানুষের জন্য ফাউন্ডেশনের কারিগরি ও আর্থিক সহযোগিতায় টংগ্যা বর্তমানে রাঙামাটি জেলার জুরাছড়ি উপজেলার দুমদুম্যা ও মৈদং ইউনিয়নে “Partnership for Resilient Livelihoods in CHT Region (PRLC)” শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্থানীয় জনগণের জীবনমান ও জীবিকায়ন উন্নয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করছে।

উক্ত প্রকল্পের আওতাধীন ‘নিউট্রিশন আপা’ পদে মাতৃকালীন ছুটিতে যাওয়ার কারণে মাত্র ৬ (ছয়) মাসের জন্য একটি পদ শূন্য হতে যাচ্ছে। উক্ত শূন্যপদে একজন খন্ডকালীন নারী কর্মী নিয়োগ প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে শুধুমাত্র মৈদং ইউনিয়নের (১, ২, ৪, ৬ এবং ৮ নং ওয়ার্ড) নারী স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| পদের নাম      | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স এবং কর্ম এলাকা   | বেতন ও ভাতা  |
|---------------|-----------|---|--|
| নিউট্রিশন আপা | ০১        | <ul style="list-style-type: none"><li>শিক্ষাগত যোগ্যতা- উচ্চ মাধ্যমিক/মাধ্যমিক পাশ,</li><li>বয়স সীমা- ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে,</li><li>কর্ম এলাকা- মৈদং ইউনিয়নের ১, ২, ৪, ৬ এবং ৮ নং ওয়ার্ড এবং</li><li>অভিজ্ঞতা- Community mobilization, community-based group supervision and monitoring বিষয়ে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। তবে অভিজ্ঞতার বিবেচনায় শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।</li></ul> | <ul style="list-style-type: none"><li>বেতন- ১১,১৩০ টাকা</li><li>যাতায়ত ও যোগাযোগ ভাতা- ৩,৩০০ টাকা</li></ul> |

১. আবেদন করার নিয়ম -

- নির্বাহী পরিচালক, টংগ্যা, রাজবাড়ি সড়ক, রাঙামাটি সদর, রাঙামাটি পার্বত্য জেলা, বরাবরে আবেদন করতে হবে;
- আবেদন পত্রের সাথে যে সকল নথিপত্র সংযুক্ত করতে হবে -  
ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি - ২ টি;

পৃষ্ঠা-০১



**taungya**

An Organization

For Indigenous Culture, Environment & Socio- Economic Advancement.

- খ) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত এবং এতে অন্যান্য তথ্যের সাথে যা অবশ্যই উল্লেখ থাকতে হবে- প্রার্থীর সক্রিয় মোবাইল নম্বর, ১ জানুয়ারী ২০২৬ খ্রিঃ তারিখে বয়স, মোট কত বছরের অভিজ্ঞতা এবং দুই জন পরিচয়দানকারী (Referree) ব্যক্তির তথ্য, মোবাইল ফোন নম্বর ও প্রযোজ্য ক্ষেত্রে ইমেইল উল্লেখ করা;
- গ) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সনদপত্রের ফটোকপি এবং ড্রাইভিং লাইসেন্স (যদি থাকে) এর ফটোকপি;
- ঘ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
- ঙ) চাকমা সার্কেল চিফ/হেডম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে স্থায়ী বাসিন্দা সনদ পত্রের ফটোকপি;

- আবেদন পত্র ই-মেইলে- taungya.info@gmail.com অথবা হার্ডকপি সরাসরি (টংগ্যা প্রধান কার্যালয়) এসে জমা দেয়া যাবে;
- আবেদন পত্র আগামী ২৫ জানুয়ারী ২০২৬ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে;
- নিয়োগ পরীক্ষা আগামী ২৬ জানুয়ারী ২০২৬ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা, টংগ্যা (প্রধান কার্যালয়), রাজবাড়ি সড়ক, রাঙামাটি সদর, রাঙামাটি পার্বত্য জেলায় অনুষ্ঠিত হবে;
- অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল হিসেবে গণ্য করা হবে;

## ২. বিশেষ দৃষ্টব্য

- যে সকল প্রার্থী নিয়োগ প্রক্রিয়া বাধাগ্রস্ত করা বা নানাভাবে সুপারিশ বা তদবিরের মাধ্যমে প্রভাবিত করার চেষ্টা করবেন তাদের আবেদন বাতিল করা হবে।
- উপযুক্ত নারী প্রার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।
- যে সকল প্রার্থী আবেদন করবেন তাদের দুর্গম অঞ্চলে কাজ করার ও নিয়মিতভাবে অবস্থান করার মানসিকতা থাকতে হবে।
- শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষার (লিখিত ও মৌখিক) জন্য আহ্বান করা হবে।
- এই নিয়োগ প্রক্রিয়া বিষয়ে টংগ্যা কর্তৃপক্ষ যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।

(প্রানজিত দেওয়ান)

নির্বাহী পরিচালক

টংগ্যা

তারিখ: ১৫ জানুয়ারী ২০২৬ খ্রিঃ